

NOTE SHEET

122/2017/Ref/SMC/17

29-03-2017

Enclosed is the news item clipping of the Dainik Statesman, a Bengali daily dated 29.03.2017, the news is captioned "সুবিচার না গেলে গায়ে আগুন লাগিয়ে আত্মঘাতী হওয়ার হুমকি ঘোষণা গৃহবধুর"

Superintendent of Police, Birbhum is directed to submit a detailed report within 2nd May, 2017.

(Justice Girish Chandra Gupta)
Chairperson

Encl : News Item dt.29-03-2017

Ld. Registrar to keep NHRC posted about cognizance taken on the subject by WBHRC.

Upload in website.

শহর ও জেলার অন্তরে

দৈনিক (চরমন্ত্রাল - ২৯/০৩/২০১৭)

সুবিচার না পেলে গায়ে আগুন লাগিয়ে আত্মঘাতী হওয়ার হুমকি ঘরছাড়া গৃহবধূর

খায়রুল আনাম

আদালতের নির্দেশ থাকা সত্ত্বেও গৃহবধূ নির্যাতনে অভিযুক্তরা এলাকার প্রভাষালী তুণমূল কংগ্রেস নেতার আশীর্ষ হওয়ার সুবাদে পুলিশ তাদের গ্রেফতার করছে না বলে স্বত্তরবাড়ি থেকে বিতাড়িত ওই গৃহবধূ অভিযোগ করেছেন। সমগ্র বিষয়টি জানিয়ে তিনি রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে চিঠিও দিয়েছেন বলে দাবি করে জানিয়েছেন, এর পরেও তিনি সুবিচার না পেলে পুলিশ প্রশাসনের দক্ষতরের সামনে গায়ে আগুন লাগিয়ে আত্মহত্যা করবেন। শিউলি মিত্র নামে ওই গৃহবধূর অভিযোগ এবং গায়ে আগুন লাগিয়ে আত্মঘাতী হওয়ার হুমকিকে কেন্দ্র করে

বিভিন্ন মহলে শোরগোল পড়ে গিয়েছে। যে তুণমূল কংগ্রেস নেতার বিরুদ্ধে এই অভিযোগ আনা হয়েছে, তিনি সমস্ত অভিযোগই অস্বীকার করেছেন।

ওই গৃহবধূর অভিযোগ সূত্রে জানা যায়, বীরভূমের ঝাড়খন্ড সীমানা লাগোয়া খয়রাসোল ব্লকের চিনপাইয়ের অনিমেশ মিত্রের সাথে বছর সাতকে আগে বিয়ে হয় ঝাড়খন্ডের বারহাড়ায়া গোয়ালখোড়ের শিউলি মিত্রের। বিয়ের তিন মাসের মধ্যেই শিউলি মিত্রকে তাঁর স্বত্তরবাড়ি থেকে তাড়িয়ে দেওয়া হয়। পারিবারিক এবং অন্য অনেক ভাবেই আলোচনা হলেও, ওই গৃহবধূকে আর স্বত্তরবাড়িতে ফিরিয়ে নেওয়া হয়নি। বিতাড়িত গৃহবধূ শেব পর্যন্ত স্বামী অনিমেশ মিত্র এবং

বউদি ভারতী মিত্রের বিরুদ্ধে বধু নির্যাতনের অভিযোগ দায়ের করেন ঝাড়খন্ডের রাজমহল আদালতে। অভিযুক্তরা হাইকোর্ট, সুপ্রিম কোর্ট পর্যন্ত গেলেনও আনিন পাননি। আদালত অভিযুক্তদের সম্পত্তি বাজেয়াপ্ত করে তাদের গ্রেফতারের নির্দেশ দেয়। অভিযুক্তদের বাদস্থান সদাইপুর থানার চিনপাই গ্রামে হওয়ার সদাইপুর থানা চিনপাই গ্রামপঞ্চায়েতের একটি সার্টিফিকেট রাজমহল আদালতে পেশ করে জানিয়ে দেয় যে, অভিযুক্তরা সদাইপুর থানার চিনপাই গ্রামের বাসিন্দা হলেও, কর্তমানে তারা নিরুদ্ধ। ঝাড়খন্ড পুলিশেরও অভিযোগ, অভিযুক্তদের গ্রেফতারের ব্যাপারে সদাইপুর থানার পুলিশ কোনও সহযোগিতা করছে না। বিতাড়িত গৃহবধূ শিউলি মিত্র ও তাঁর

পরিবারের অভিযোগ, অনিমেশ মিত্র এলাকার প্রভাষালী তুণমূল কংগ্রেস নেতার ভাইপো হওয়ার কারণেই পুলিশ তাঁদের বিরুদ্ধে কোনও ব্যবস্থা নিচ্ছে না। অভিযুক্তরা ওই তুণমূল কংগ্রেস নেতার বাড়িতেই থাকেন। ওই তুণমূল কংগ্রেস নেতা অবশ্য তার বিরুদ্ধে আনা সব অভিযোগই অস্বীকার করে বলেছেন, তাঁর ভাইপো ও বউদি বছর দেড়েক ধরে ঘরছাড়া। এরপরই বিতাড়িত গৃহবধূ শিউলি মিত্র জানিয়েছেন, তিনি সমগ্র বিষয়টি জানিয়ে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে চিঠি লিখেছেন। তিনি কিছুদিন অপেক্ষা করবেন। তারপর বিচার না পেলে পুলিশ প্রশাসনের দক্ষতরের সামনে গায়ে আগুন লাগিয়ে আত্মঘাতী হবেন।

প্রাইমারির
জাল
নিয়োগপত্র

শ্রীনগর হাবড়া নাট্যমিলন গোষ্ঠীর নাট্যোৎসব

